ফৌজদারহাট ক্যাডেট কলেজ
চট্টগ্রাম
টেলিফোন ঃ ০২-৪৪০৭৫০০১
ফ্যাক্স নম্বর ঃ ০২-৪৪০৭৫০০৭
ই-মেইলঃ fcc.adjt@army.mil.bd

২৩.০১.৯২৪.৭৫৪.০২.০৩২.০৩.২২.০৪.২১/৪৩৯ ০৮ বৈশাখ ১৪২৮/ ২২ এপ্রিল ২০২১

মাসিক আয়ের প্রত্যয়নপত্র প্রেরণ

১। আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই ২০২১ থেকে জুন ২০২২ পর্যন্ত আপনার পুত্র/পোষ্যের মাসিক কলেজ ফি নির্ধারণের লক্ষ্যে পত্রের অপর পৃষ্ঠায় মুদ্রিত অভিভাবকের মাসিক আয়ের প্রত্যয়নপত্র যথাযথভাবে পূরণ করতঃ আগামী ১০ মে ২০২১ তারিখের মধ্যে অত্র কলেজে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২। **চাকুরীরত অভিভাবকের জন্য**।

ক। **সরকারি**। সরকারি চাকুরিজীবিদের পদবী উল্লেখ পূর্বক মাসিক মূলবেতন/ভাতাদি ও অন্যান্য আয় উল্লেখ করতঃ পে-স্লিপ বিভাগীয় প্রধানের স্বাক্ষর সম্বলিত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে (এ ক্ষেত্রে মাসিক আয়ের প্রত্যয়নপত্র 'ছক' এর অনুচ্ছেদ নম্বর ০৫ এ বর্ণিত তথ্য উক্ত প্রত্যয়নপত্রে উল্লেখ করতে হবে)।

খ। **বেসরকারি**। বেসরকারি চাকুরিজীবিদের পদবী উল্লেখ পূর্বক মাসিক মূলবেতন/ভাতাদি ও অন্যান্য আয় উল্লেখ করতঃ পে-স্লিপ বিভাগীয় প্রধানের স্বাক্ষর সম্বলিত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে (এ ক্ষেত্রে মাসিক আয়ের প্রত্যয়নপত্র 'ছক' এর অনুচ্ছেদ নম্বর ০৫ এ বর্ণিত তথ্য উক্ত প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে)।

গ। **অবসর গ্রহণের ক্ষেত্রে**। কোন প্রতিষ্ঠান হতে অবসর গ্রহণ করেছেন এবং কোন তারিখে অবসর গ্রহণ করেছেন তা উল্লেখ করতে হবে। সর্বশেষ গৃহীত মাসের পেনশন বহি এর ফটোকপি প্রেরণ করতে হবে। আনুতোষিক অর্থ দ্বারা সম্পন্ন এফডিআর ও সঞ্চয়পত্রের বর্ণনা পেশ করতে হবে।

ঘ। **সামরিক বাহিনীর সদস্যদের ক্ষেত্রে**। বৈদেশিক মিশন থেকে অর্জিত আয় দ্বারা সম্পন্ন এফডিআর ও সঞ্চয়পত্রের বর্ণনা পেশ করতে হবে।

৩। **ব্যবসায়ী অভিভাবকের জন্য**। ব্যবসায়ী হলে ব্যক্তি মালিকানায় না অংশিদারিত্বে তা বর্তমান এবং স্থায়ী ঠিকানাসহ উল্লেখ করতে হবে এবং বিগত বৎসরের আয়কর রির্টানের সত্যায়িত কপি/বর্তমান আয়কর সনদপত্র প্রেরণ করতে হবে।

৪। **অন্যান্য অভিভাবকদের জন্য**। জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক আয়ের প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

৫। **ডাক্তার, ইঞ্জিনিয়ার, আইনজীবি এবং অন্যান্য পেশায় নিয়োজিত চাকুরীরত অভিভাবকদের জন্য**। সংশ্লিষ্ট অভিভাবক চাকুরীরত থাকলে তাদের কর্মস্থল/চেম্বার এর ঠিকানা এবং আয়ের প্রত্যয়নপত্র ছক এর ৬ নম্বর অনুচ্ছেদে উল্লেখ করতে হবে।

৬। **বিদেশে কর্মরত অভিভাবকদের জন্য**। যে সমস্ত অভিভাবক বিদেশে সরকারী/বেসরকারী সংস্থায় কর্মরত আছেন, তাঁদের সংশ্লিষ্ট বিভাগ/প্রতিষ্ঠান থেকে আয়ের প্রত্যয়নপত্র, ওয়েজ অর্নার, ব্যাংক স্টেটমেন্ট (মাসিক আয়) সহ ব্যাংকের সনদপত্র প্রেরণ করতে হবে।

৭। আয়কর আইন অনুযায়ী নিবন্ধিত সকলকে সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের সত্যায়িত ফটোকপি প্রেরণ করতে হবে। তাদের ক্ষেত্রে আয়কর রিটার্ন ব্যতীত অন্য সনদ গৃহীত হবে না।

৮। উল্লিখিত সময়ের মধ্যে আপনার মাসিক আয় সংক্রান্ত তথ্য অত্র কলেজে না পৌঁছালে আপনার পুত্র/পোষ্যের কলেজ ফি সর্বোচ্চ ধাপে পুনরায় ধার্য করা হতে পারে। এ সম্পর্কে কোন আপত্তি পরবর্তী পর্যায়ে গ্রহণ করা হবে না।

নাজমুল হক সিকদার
অধ্যক্ষ

বিতরণ ঃ
বহির্গমনঃ
কার্যক্রমঃ

সকল অভিভাবক

\\192.168.8.15\Accounts\PCS\Salary statement form - Copy.doc

ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম

অভিভাবকের মাসিক আয়ের প্রত্যয়ন পত্র

বিশেষ নির্দেশাবলী

সরকারী/আধাসরকারী/বেসরকারী চাকুরীজীবিদের ক্ষেত্রে আয়ের প্রত্যয়নপত্র ছাড়াও অফিসের বা সংস্থার প্রধান কর্মকর্তা কর্তৃক প্রদত্ত বেতন স্কেলসহ মূল বেতন ও ভাতাদির বিস্তারিত তথ্য প্রত্যয়ন পত্রের সঙ্গে সংযোজন করতে হবে। সঠিকতা যাচাইয়ের জন্য ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ/কলেজ কর্তৃপক্ষ প্রকৃত আয় তদন্ত অধিকার সংরক্ষণ করেন। প্রতি বছর কলেজ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে আয়ের প্রত্যয়নপত্র যথাযথভাবে পূরণ করে কলেজ কর্তৃপক্ষের নিকট পৌঁছাতে হবে। অন্যথায় সর্বোচ্চ হারে কলেজ ফি নির্ধারণ করা হবে। যারা আয়কর প্রদান করেন তাঁরা হাল সনের আয়কর রিটার্ণের কপি আয়ের প্রত্যয়ন পত্রের সাথে সংযুক্ত করবেন।

১। ক্যাডেট নং .... নাম...

২। ক্যাডেটের পিতা/অভিভাবকের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর ....
....
....
....

৩। পেশাঃ ....
(পেশার পূর্ণ বিবরণপ্রদান করতে হবে। চাকুরী হলে পদমর্যদা ও ব্যবসা হলে ব্যবসার পূর্ণ বিবরণ উল্লেখ করতে হবে)

৪। চাকুরী হলে উহা সরকারী/বেসরকারী না বিধিবদ্ধ সংস্থা ঃ ....

৫। **ক্যাডেটের পিতা/অভিভাবকের মাসিক আয়ের বিবরণ ঃ**

(ক)	ক্যাডেটের পিতা/অভিভাবকের মাসিক মুল বেতন	ঃ টাকা......................
(খ)	পিতা/অভিভাবকের মাসিক বাড়ী ভাড়া, চিকিৎসা ও অন্যান্য ভাতাদি	ঃ টাকা......................
(গ)	পিতা/অভিভাবকের ব্যবসা বা খন্ডকালীন ব্যবসা হতে মাসিক আয়	ঃ টাকা......................
(ঘ)	পিতা/অভিভাবকের কৃষি জমির পরিমাণ............. উহার মাসিক আয়	ঃ টাকা......................
(ঙ)	পিতা/অভিভাবকের বাড়ী ভাড়া হতে উপার্জিত মাসিক আয়	ঃ টাকা......................
(চ)	ক্যাডেটের মাতার মাসিক আয়ের পরিমান (মাতা চাকুরী করলে তার দপ্তর প্রধানের নিকট হতে আলাদা প্রত্যয়নপত্র পেশ করতে হবে)	ঃ টাকা......................
(ছ)	ক্যাডেটের মাতার জমি/অন্যান্য সম্পত্তি হতে মাসিক আয়	ঃ টাকা......................
(জ)	পিতা/অভিভাবকের মাসিক গ্রস অবসর ভাতা (কম্যুটেশন এর অংশসহ)	ঃ টাকা......................
(ঝ)	পিতা/অভিভাবক বিদেশ চাকুরীরত থাকলে মোট মাসিক আয় (বিদেশি মুদ্রায় .... দেশি মুদ্রায় ....)	ঃ টাকা......................
(ঞ)	আত্মীয় স্বজনের নিকট হতে প্রাপ্ত মাসিক আয়	ঃ টাকা......................
(ট)	ক্যাডেটের বৃত্তি বাবদ মাসিক আয় (যদি থাকে)	ঃ টাকা......................
(ঠ)	অভিভাবক ডাক্তার হলে প্রাইভেট প্রাকটিস হতে মাসিক আয়	ঃ টাকা......................
(ড)	ক্যাডেটের পিতা/অভিভাবকের অন্য কোন আয় (প্রয়োজনে অতিরিক্ত পাতা সংযোজন করুন)	ঃ টাকা......................
	সর্বমোট মাসিক আয়	ঃ টাকা ....

এতদ্দ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব/বেগম...
ঠিকানাঃ...
এর উপরোল্লিখিত আয়ের বিবরণ সঠিক এবং কোন ভুল তথ্য সরবরাহ করা হয় নাই।

....
পিতা/মাতা অভিভাবকের স্বাক্ষর ও তারিখ

....
জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/আয়কর অফিসার/ চাকুরীরত সংস্থারপ্রধান কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ
(অফিস সীল মোহর)

৬। একই পিতা/অভিভাবক একাধিক ক্যাডেট অধ্যয়নরত থাকলে তাহাদের ক্যাডেট নম্বরসহ উল্লেখ করবেন ঃ

ক্যাডেট নং .... নাম......................... শ্রেণী .... কলেজ...............................
ক্যাডেট নং .... নাম......................... শ্রেণী .... কলেজ...............................

বিঃ দ্রঃ (১) প্রদর্শিত আয়ের বহির্ভুত আয় প্রমাণিত হলে ক্যাডেট প্রত্যাহার/সর্বোচ্চ হারে কলেজ ফি বৃদ্ধি/নির্ধারণ করা হবে।
(২) অসম্পূর্ণ/আংশিক প্রত্যয়নপত্র অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।